

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৫৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেসব জায়গায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকম করতেন

ذَكَرُ الْمَوْضِعِ الَّذِي فَعَلَ فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا وَصَفْنَا

আরবী

1595 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ بْنُ حِسَابٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِالْمَدِينَةِ سَبْعًا وَثَمَانِيًا: الظُّهْرَ وَالْعَصْرَ , وَالْمَغْرِبَ وَالْعِشَاءَ.

الراوي : ابْنُ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 1595 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
(1099)

বাংলা

১৫৯৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় সাত ও আট রাকা‘আত সালাত আদায় করেছেন: যোহর ও আসর এবং মাগরিব ও ইশার সালাত।” (অর্থাৎ যোহর ও আসর আট রাকা‘আত এবং মাগরিব ও ইশা সাত রাকা‘আত সালাত আদায় করতেন।)[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৪৩; সহীহ মুসলিম: ৭০৫; আবু দাউদ: ১২১৪; আবু আওয়ানা: ২/৩৫৪; সুনান বাইহাকী: ৩/১৬৭; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১১৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৪৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৫৬; আত তায়ালিসী: ১/১২৭; হুমাইদী: ৪৭০; নাসাঈ: ১/২৮৬; তাহাবী, শারহু মাআনিল আসার: ১/১৬০; মুসনাদ আহমাদ: ১/২২৩; সহীহ ইবনু খুযাইমা: ৯৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৯৯)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91189>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন